# আমার বর্ণপরিচয়

অ আ
ক খ

মুহম্মদ আনোয়ার আলি



নলেজ ভিউ

# স্বরবর্ণ পরিচয়

অ আ ই ঈ

উ ঊ ঋ এ

ঐ ও ঔ

# বলতোকোনটি কে?

ই ঔ অ উ

ঈ ও এ ঊ

ঋ আ ঐ

# অ

অলি
অঙ্ক
অন্ন



অলি উড়ে ফুলে ফুলে

# আ


আতা
আম
আখ



আতা আছে গাছে ঝুলে

# ই

ইঁদুর
ইলিশ
ইট



ইঁদুর রুটি চুরি করে

# ঈ

ঈগল
ঈদ
ঈশান



ঈগল পাখি শিকার ধরে

# উ

উট
উঠান
উকিল



উটের পিঠে কে ঐ আসে

# ঊ

ঊষা
ঊরু
ঊর্মি



ঊষার কোলে সূর্য হাসে

## ঋ

ঋষি
ঋণ
ঋতু



ঋষি বসে মগ্ন ধ্যানে

## এ

একতারা
এই
একা



একতারা ঐ বাজায় গানে

## ঐ


ঐরাবত
ঐক্য
ঐশী



ঐরাবতটি শান্ত বড়

## ও

ওজন
ওল
ওড়না




ওজনটা ভাই সঠিক কর

## ঔ

ঔষধ
ঔরস
ঔদার্য



ঔষধ খাও অসুখ হলে
সুস্থ থাকো মায়ের কোলে

# ব্যঞ্জনবর্ণ পরিচয়

| | | | | |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| চ | ছ | জ | ঝ | ঞ |
| ট | ঠ | ড | ঢ | ণ |
| ত | থ | দ | ধ | ন |
| প | ফ | ব | ভ | ম |
| য | র | ল | শ | ষ |
| স | হ | ড় | ঢ় | য় |
| ৎ | ং | ঃ | ঁ | |

## বলতোকোনটি কে?

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ | জ | থ | ম | র | স | ঢ় | ফ | শ | দ | ষ | ত | ড় |
| ক | হ | ছ | ঘ | ঝ | ড | ধ | চ | ঙ | প | য | ল | ন |
| খ | ট | ঞ | ৎ | ব | ঠ | ণ | ঃ | য় | ং | ভ | ঁ | ঢ |

# ক

কলম
কলা
কাক



কলম হাতে খুকী লেখে

# খ

খোকা
খাতা
খেজুর



খোকা বসে বর্ণ শেখে

# গ


গরু
গম
গাছ



গরু চড়ায় রাখাল ছেলে

# ঘ

ঘোড়া
ঘর
ঘড়ি



ঘোড়ায় বসে রাজার ছেলে

# ঙ

ব্যাঙ
রঙ
ঝিঙে



ডোবার ধারে ডাকছে ব্যাঙ

# চ

চড়ুই
চা
চাল



চড়ুই পাখির দুইটি ঠ্যাং

## ছ

ছাতা
ছবি
ছড়া



ছাতা ধরো বৃষ্টি হলে

## জ

জাহাজ
জল
জামা



জাহাজ চলে সাগর জলে

## ঝ

ঝড়
ঝুড়ি
ঝাকা



ঝড় উঠেছে প্রবল বেগে

## ঞ

মিঞা
মিঞ
ভূঞা



মতিন মিঞা ফিরলো রেগে

## ট


টিয়া
টাকা
টগর



টিয়া পাখির ঠোঁটটি লাল

## ঠ


ঠেলাগাড়ি
ঠোঁট
ঠান্ডা



ঠেলাগাড়ি নিয়ে যাচ্ছে মাল

## ড

ডাব
ডালিম
ডিম



ডাবের পানি পুষ্টি ভরা

## ঢ

ঢোল
ঢাকা
ঢাক



ঢোল বাজায় নিতাই ঘরা

## ণ

বীণা
ঋণ
পণ



বীণার সুরে গাইছে গান

## ত


তাল
তিল
তেল



তালের পিঠা সবাই খান

## থ


থালা
থলে
থানা



থালা ভরা আছে খই

## দ

দাদা
দই
দাঁত



দাদার চোখে চশমা কই?

# ধ


ধনুক
ধান
ধনী



ধনুক থেকে ছুটলো বাণ

# ন

নদী
নৌকা
নল



নদীর মাঝে নৌকাখান

# প

পাখি
পানি
পাতা



পাখি বসে গাছের ডালে

# ফ

ফড়িং
ফুল
ফল



ফড়িং নাচে তালে তালে

# ব

বাঘ
বই
বাড়ি



বাঘ থাকে গভীর বনে

# ভ

ভাল্লুক
ভাত
ভাই



ভাল্লুক চলে আপন মনে

# ম

মই
মা
মাছ



মই বেয়ে ওঠে উপরে

# য

যাঁতা
যব
যোগ



যাঁতা ঘোরে হাতের জোরে

# র


রাণী
রাজা
রবি



রাণীর মাথায় মুকুট আছে

# ল

লাটিম
লিচু
লেবু



লাটিম কেবল ঘুরেই নাচে

# শ


শেয়াল
শীত
শশা



শেয়াল বড় চালাক প্রাণী

# ষ

ষাঁড়
ষোল
ষাট



ষাঁড়ের লেজ লম্বা জানি

# স


সিংহ
সাদা
সাপ



সিংহ মশাই আসছে তেড়ে

# হ

হরিণ
হাঁস
হাতী



হরিণটা তাই ভয়ে মরে

# ড়

হাড়ি
ঘড়ি
বাড়ি



খোকা চলে হাড়ি হাতে

# ঢ়

আষাঢ়
গাঢ়
দৃঢ়



বৃষ্টি আসে আষাঢ় রাতে

# য়

ময়ূর
খায়
যায়



ময়ূর নাচে পেখম মেলে

# ৎ

মৎস্য
সৎ
মহৎ



মৎস্য থাকে গভীর জলে

ং

হংস
অংশ
মাংস



হংস চলে ঝিলের জলে


ঃ

দুঃখ
নিঃস্ব
অধঃ



দুঃখ দিও না নিঃস্ব বলে

ঁ



চাঁদ
বাঁশ
হাঁস

আকাশে ঐ উঠলো চাঁদ
চারপাশে তার তারার ফাঁদ

## বানান বা স্বরবর্ণ যোজনা

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| া | ি | ী | ু | ূ | ৃ | ে | ৈ | ো | ৌ | ং | ঃ |
| কা | কি | কী | কু | কূ | কৃ | কে | কৈ | কো | কৌ | কং | কঃ |
| খা | খি | খী | খু | খূ | খৃ | খে | খৈ | খো | খৌ | খং | খঃ |
| গা | গি | গী | গু | গূ | গৃ | গে | গৈ | গো | গৌ | গং | গঃ |

# বানান বা স্বরবর্ণ যোজনা

ইট, এক, উট, আম, ঋণ, ওল, কই, মই, বই,
রস, ছয়, দশ, নয়, পথ, লও, খল, তল, ঝড়
আলয়, আসন, তরল, নয়ন, ঔষধ, বসন, দশম।


ফল



কাক

**আ + কার = া**

বাবা, দাদা, নানা, মামা, চাচা, তালা, বাঘ, ভাই,
জাম, খাও, দাও, ডালা, বাগান, দালান, বাদাম,
বাতাস, জানালা, আহার, সালাম, পতাকা।

**ই + কার = ি**

মিনি, চিনি, দিদি, কিনি, চিল, ডিম, তিন, মণি
তিমির, শিশির, ইলিশ, বালিশ, হরিণ, কঠিন,
মিনতি, অতিথি, নিকট, আপনি, অবধি, দিবস।


হরিণ





**ঈ + কার = ী**

নদী, তীর, দীপ, দীন, কীট, গীত, ধনী, শীত,
শশী, বেণী, ঘটী, ধীবর, নীরব, জীবন, শরীর,
শীতল, রজনী, অলীক, গভীর।

**উ + কার = ু**

খুকু, দুখু, পুষি, চুল, দুল, দুই, বুধ, ঋতু, মুখ,
সুখ, মধু, বুলবুল, পুকুর, কুকুর, যুবক, সুলভ,
ডুমুর, ঠাকুর, পুতুল, বকুল, মুকুল।


পুতুল


ময়ূর

**ঊ + কার = ূ**

ভূত, কূপ, চূর্ন, তূল, দূর, ধূম, মূঢ়, শূল, মূল,
নুপূর, ময়ূর, মুহূর্ত, ভূষণ, নূতন, অদূর, পূরণ,
রূপা, কূল।

# বানান বা স্বরবর্ণ যোজনা

ঋ + কার = ৃ

কৃষ, বৃষ, তৃণ, মৃগ, দৃঢ়, ধৃত, বৃহৎ, মৃদু, নৃপ,
শৃগাল, কৃষক, কৃপণ, অমৃত, পৃথক, সদৃশ ।

গৃহ



পেঁচা


এ + কার = ে

ছেলে, মেয়ে, তেল, বেল, ছেড়ে, চেয়ে, মেলে,
সাহেব, অনেক, লেখক, আদেশ, সেবক ।

ঐ + কার = ৈ

তৈল, বৈঠা; শৈল, বৈধ, জৈন, দৈ, খৈ, মৈষাল,
বৈশাখ, শৈবাল, তৈয়ার, ভৈরব, জনৈক ।

শৈশব




চোখ

ও + কার = ো

মোম, রোগ, চোখ, খোকা, বোকা, ঘোড়া, লোভ,
আমোদ, বিরোধ, গোপন, আলোক, চকোর ।

ঔ + কার = ৌ

মৌন, গৌণ, পৌষ, ধৌত, পৌর, লৌহ, তৌল,
মৌমাছি, গৌরব, কৌশল, সৌরভ ।


লৌহ


হংস

অনুস্বর = ং

কংস, বংশ, হংস, সিংহ, মাংস, শিং, রং, বরং,
হিংসা, সংসার, সংশয়, সংসদ, মীমাংসা ।

বিসর্গ = ঃ

দুঃখ, উঃ, আঃ, দুঃখিত, নিঃশেষ, দুঃসময়,
দুঃশীল, নিঃসহায়,দুঃসাহস, অতঃপর ।

দুঃখ


## পাঁচটি ফুলের নাম


শাপলা


পদ্ম


গোলাপ



সূর্যমুখী



জবা

## পাঁচটি ফলের নাম


কাঁঠাল



আম


কলা


লিচু


আনারস

## পাঁচটি পাখির নাম


দোয়েল


ঈগল


উটপাখি


চড়ুই


ময়না

## পাঁচটি মাছের নাম


ইলিশ



রুই


কাতল



বোয়াল



মৃগেল

## পাঁচটি পশুর নাম


বাঘ


সিংহ


ঘোড়া


গরু


কুকুর



# বক ও শেয়াল

গরমের দিন। এক শেয়াল বারান্দায় বসে ঝিমুচ্ছিল। এক বক উড়ে এসে সেখানে বসল। শেয়াল ঠিক করল, বকের সাথে একটু চালাকি করবে। শেয়াল বককে বলল, "বক ভাই, আজ রাতে আমার বাড়িতে তোমার দাওয়াত। আমার সঙ্গে খাবে।" বক খুশি হয়ে বলল "অবশ্যিই আসব।" রাতে বক শেয়ালের বাড়িতে দাওয়াত খেতে আসল। শেয়াল দুটো থালায় পায়েশ নিয়ে এল। তারপর নিজেই জিভ দিয়ে চেটেপুটে সব পায়েশ খেয়ে ফেলল। বক চুপচাপ বসে থাকল। তার লম্বা ঠোঁট দিয়ে থালার পায়েশ খেতে পারল না। শেয়াল থালার সব পায়েশ শেষ করে বককে জিজ্ঞেস করল, "কি ব্যাপার, তুমি পায়েশ পছন্দ কর না?" বক বলল, "না, ঠিক তা নয়, গন্ধ পেয়ে বুঝেছি পায়েশ খুব মজা হয়েছে। কিন্তু আমার খিদে নেই।" বক ঠিক করল, শেয়ালকে উচিত শিক্ষা দেবে। সে শেয়ালকে বলল, "আগামী কাল এস আমার বাড়িতে। একসাথে খাওয়া যাবে।" শেয়াল খুশি হয়ে বলল, "সে তো ভাল কথা। আমি খেতে খুব ভালবাসি। অবশ্যই যাব।" বক পেটে খুব খিদে নিয়ে বাড়ি চলে গেল। পরদিন শেয়াল গেল বকের বাড়িতে দাওয়াত খেতে। শেয়াল দেখল টেবিলের ওপর দুটো সরু গলার জগ সাজানো। বক তার লম্বা ঠোঁট দিয়ে একটি জগ থেকে পায়েশ তুলে তুলে খেতে শুরু করল। শেয়ালের পেটে খুব খিদে। গন্ধ শুঁকে বুঝল পায়েশ খুব মজা হয়েছে। কিন্তু সরু গলার জগের ভেতর মুখ ঢোকাতে পারল না। তার আর পায়েশ খাওয়া হল না। বক শেয়ালকে জিজ্ঞেস করল, "শেয়াল ভাই, কি ব্যাপার, পায়েশ খেলে না যে?" শেয়াল বলল, "গন্ধ শুঁকেই বুঝেছি পায়েশ খুব মজা হয়েছে। কিন্তু আজ আমার তেমন খিদে পায় নি।"শেয়াল পেটে অনেক খিদে নিয়ে বকের বাড়ি থেকে বের হল। বাড়ি ফিরতে ফিরতে ভাবল, "বকের সাথে চালাকি করে কি বোকামিই না করেছি।"



## শেখার বিষয়

অন্যের সাথে ভাল ব্যবহার করবে।
তাহলে সেও তোমার সাথে ভাল ব্যবহার করবে।

ISBN : 978-984-8890-19-6

প্রকাশনায়
নলেজ ভিউ
৩৭, বাংলাবাজার, ঢাকা-১১০০
টেলিফোন : ৭১১৬৪৭৫

পরিবেশনায়
ফেয়ার ডিল
১৮৪, ঢাকা নিউ মার্কেট, ঢাকা-১২০৫
টেলিফোন : ৮৬ ২৬ ১৯৬

মূল্য ঃ ৭০.০০ টাকা মাত্র